# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৫ ফেব্রুয়ারি, ২০১৫ |
| সময় | ঃ | সকাল ১০-৩০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭ এর বিষয়ে মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি/ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদান সংক্রান্ত বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মাধ্যমে মামলাটি দ্রুত নিস্পত্তির ব্যবস্থা করে জরুরী ভিত্তিতে ট্রেড লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্য কর্ণেল মোস্তাফিজুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস দৃঢ়ীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ডিসেম্বর, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১৪ মাসে গৃহকর বাবদ ৩,৫৮,৪৪,৯৫৩.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১২,৭৭,৯২৮.০০ টাকা আদায় হয়েছে। ডিসেম্বর ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভূত আদায় ৬,৩৭,২১,১৫৮.০০ টাকা যা মোট দাবীর ৭৪.৩৭%। রাজস্ব আদায়ের বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ ডিসেম্বর, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ডিসেম্বর ২০১৪ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ৪,৩৭,৩০,৯৫৩.০০ টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারন অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৯,৭৫,৫৮,০০৯.৯৬ টাকা। ডিসেম্বর ২০১৪ মাসে সর্বমোট ব্যয় ৪,৫৯,৪৮,০২৫.০০ টাকা।

আলোচ্যসূচী-৪ঃ ডিসেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ডিসেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। সেনানিবাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক থাকলেও বেশ কিছু ম্যানহোল/সুয়ারেজ এর ঢাকনা জরুরী ভিত্তিতে পুনঃস্থাপন/প্রতিস্থাপন করার জন্য সিএমইএস(আর্মি)-কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ ডিসেম্বর, ২০১৪ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ডিসেম্বর ২০১৪ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ৩০১টি জন্ম নিবন্ধন ও ৫টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। এ যাবৎ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে সর্বমোট ৬২১০৫টি জন্ম ও ৩১৯টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে আগামী সভা হতে বনানী সামরিক কবরস্থানে দাফনের প্রতিবেদন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এস-৫ (৬ষ্ঠ তলা- দক্ষিণ পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব তৌহিদুল আনোয়ার প্লট#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এস-৬ (৬ষ্ঠ তলা- দক্ষিণ পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | সাময়রা আনোয়ার পিতা- জনাব তৌহিদুল আনোয়ার, মাতা- মিসেস রাফিয়া আনোয়ার প্লট#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এস-৬ (৬ষ্ঠ তলা- দক্ষিণ পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৫/১/২০১৫ | পিতা কর্তৃক কন্যাকে ডিক্লারেশন অব হেবা মূলে দান করার অনুমতি | ৩০/১০/২০১৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-৪৩/এ/ফ্ল্যাট নং-এস-৫(৬ষ্ঠ তলা-দক্ষিণ পার্শ্ব)/২০৯ | ফ্ল্যাটের আয়তন- ২০০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | প্লট#৪৩/বি, রোড#৯, ফ্ল্যাট#৪-বি (৪র্থ তলা-পশ্চিম পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব তৌহিদুল আনোয়ার প্লট#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এস-৬ (৬ষ্ঠ তলা-দক্ষিণ পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | সাময়রা আনোয়ার পিতা- জনাব তৌহিদুল আনোয়ার, মাতা- মিসেস রাফিয়া আনোয়ার প্লট#৪৩/এ, রোড#৯, ফ্ল্যাট#এস-৬ (৬ষ্ঠ তলা-দক্ষিণ পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৫/১/২০১৫ | পিতা কর্তৃক কন্যাকে ডিক্লারেশন অব হেবা মূলে দান করার অনুমতি | ৩০/১০/২০১৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং-৪৩/বি/ফ্ল্যাট নং-৪-বি(৪র্থ তলা-পশ্চিম পার্শ্ব)/২০৮ | ফ্ল্যাটের আয়তন- ১৪৫০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্রমিক নং-১ ও ২ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ফ্ল্যাট দু'টি পিতা কর্তৃক রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা মূলে দান করায় কন্যা সাময়রা আনোয়ার, পিতা- জনাব তৌহিদুল আনোয়ার, মাতা- মিসেস রাফিয়া আনোয়ার এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১২/বি নং প্লটে নির্মাণাধীন বাড়ীর ডেভলোপার ও ফ্ল্যাট ক্রেতাগণের মধ্যে উদ্ভূত জটিলতার বিষয়ে ফ্ল্যাট ক্রেতা ব্রিগেঃ জেনাঃ ডাঃ মোঃ আব্দুস শহীদ খান (অবঃ), সোহেলী হেলাল ও বুশরা হেলাল এর ১৭/২/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার আইনগত মতামতসহ আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ গত ০৫ জানুয়ারি, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সাধারণ কোটায় প্রকাশ্য দরপত্রের মাধ্যমে ব্রিগেঃ জেনাঃ জি এম কামরুল ইসলাম, এনডিসি, পিএসসি এর নামে ইজারাকৃত রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলার ৬ নং দোকানটি সামরিক কোটায় সংরক্ষিত হিসেবে অন্তর্ভুক্ত করতঃ ইজারার অর্থ (সালামী) সামরিক কোটায় নির্ধারণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২১ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০৯.২১.১২.১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর ১২৭.৫৫ বর্গফুট বিশিষ্ট ২য় তলার-৬ নং দোকানটি ইজারা গ্রহণের জন্য ১৩ জুন,২০১৪ তারিখে দরপত্রের মাধ্যমে ব্রিগেডিয়ার জেনারেল জি এম কামরুল ইসলাম, এনডিসি, পিএসসি প্রতি বর্গফুট সর্বোচ্চ ২১,২০০/-টাকা হিসেবে মোট ২৭,০৪,০৬০/-(সাতাশ লক্ষ চার হাজার ষাট) টাকার দর দাখিল করেন। উক্ত দরটি গত ২৭ জুন, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭ এর মাধ্যমে অনুমোদিত হয় এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ২৩ জুলাই, ২০১২ তারিখে ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৭৭/শা-৩/৩১৬ নং পত্রের মাধ্যমে উক্ত দরটি অনুমোদিত হয়। তদানুয়ায়ী অত্র দপ্তরের ৯ সেপ্টেম্বর,২০১২ তারিখে ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/২য়তলা-০৬/০৫ নং পত্রে উল্লেখিত সালামীর টাকা ০৮ কিস্তিতে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। রেকর্ডদৃষ্টে দেখা যায় তিনি অদ্যাবধি কোন টাকা পরিশোধ করেননি। সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২১ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.০৪৪. ০২.০৭১.০৯.২১.১২.১৪ নং পত্রে বর্ণিত ০৬ নং দোকানটি সামরিক কোটায় সংরক্ষিত হিসেবে অর্ন্তভূক্ত করতঃ ধার্যকৃত সালামী সামরিক কোটায় নির্ধারণ/গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, রজনীগন্ধা টাওয়ার এর কিউএমজি কোটার সংরক্ষিত ১২(বার)টি দোকান যা ইতোমধ্যে কিউএমজি মহোদয়ের সুপারিশের ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ২য় তলার ৬ নং দোকানটি সাধারণ কোটা হতে কিউএমজি কোটায় পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং নির্ধারিত হারে দর নির্ধারণপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৯ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান রোডের পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের ডরমিটরী সংলগ্ন জলাশয় ইজারার নিমিত্তে মেসার্স আর এল কনস্ট্রাকশন কর্তৃক দাখিলকৃত ৫২,০০০/- (বায়ান্ন হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ শহীদ বদিউজ্জামান রোডের পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের ডরমিটরী সংলগ্ন জলাশয়টি মৎস্য চাষের জন্য ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে ২০/১১/২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে উক্ত তারিখে কোন দরপত্র পাওয়া যায়নি। পরবর্তী ১৪/১২/২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে ০২টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আর এল কনস্ট্রাকশন কর্তৃক ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার দর সর্বোচ্চ ছিল। ৩১/১২/২০১৪ তারিখে পুনরায় দরপত্র আহবান করা হলে মোট ০২ টি দরপত্র পাওয়া যায়। মেসার্স আর এল কনস্ট্রাকশন কর্তৃক ৬১,০০০/-টাকার দরটি সর্বোচ্চ হয়। ০২ টি করে দরপত্র পাওয়ার কারণে দরগুলো বাতিল করা হয়। অতঃপর ১৪/১/২০১৫ তারিখে পুনরায় দরপত্র আহবান করা হয়। উক্ত তারিখে মোট ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আর এল কনস্ট্রাকশন কর্তৃক ৫২,০০০/-(বায়ান্ন হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। মেসার্স আর এল কনস্ট্রাকশন কর্তৃক দাখিলকৃত দরগুলো পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সর্বোচ্চ ৬১,০০০/- (একষট্টি হাজার) টাকার দর দাখিল করা হয়। বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত জলাশয়টি ০৩ (তিন) বছরের জন্য মেসার্স আর এল কনস্ট্রাকশন-কে ৬১,০০০/- (একষট্টি হাজার) টাকায় ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ১১টি ও রজনীগন্ধা টাওয়ার এর ১৪টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এ নির্মিতব্য অফিস কাম শপিং কমপ্লেক্স এর ৮৮ টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৫ জানুয়ারি, ২০১৫ তারিখে দরপত্র আহ্বান করা হয়। নির্ধারিত তারিখে তলা ভিত্তিক মোট ১১ টি দোকান/স্পেস এর বিপরীতে মোট ১৪ টি দরপত্র পাওয়া যায়। দরপত্রসমূহ যাচাই-বাছাই কমিটি কর্তৃক গ্রহণ করা হয়। প্রাপ্ত দরসমূহ নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রঃ নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | জনাব মোঃ শাহজালাল | ৩য় তলা-কমার্শিয়াল স্পেস | ১৭৪৭.৫৭ | ১৫০০০/- | ১৫৫৫৭/- | ২,৭১,৮৬,৯৪৬.৪৯ | ০২ টি |
| ২। | জনাব এম এম মাহবুব সিরাজ | ৫ম তলা-১৬ | ১২৮.৫০ | ১৪০০০/- | ১৫৩১১/- | ১৯,৬৭,৪৬৩.৫০ | ০১ টি |
| ৩। | জনাব মোঃ সিরাজুল হক | ৫ম তলা-১৭ | ১২৮.৫০ | ১৪০০০/- | ১৫৭৮১/- | ২০,২৭,৮৫৮.৫০ | ০১ টি |
| ৪। | কর্ণেল এটিএম মেজবাহ উদ্দিন সেরনিয়াবাত(অবঃ) | ৫ম তলা-২৭ | ১৬৭.১৮ | ১৪০০০/- | ১৪৩০২/- | ২৩,৯১,০০৮.৩৬ | ০১ টি |
| ৫। | লেঃ কর্ণেল এটিএম মহিউদ্দিন সেরনিয়াবাত (অবঃ) | ৫ম তলা-২৮ | ১৬১.৭৬ | ১৪০০০/- | ১৪৩০২/- | ২৩,১৩,৪৯১.৫২ | ০১ টি |
| ৬। | জনাব মোঃ জামাল উদ্দিন | ৫ম তলা-৩১ | ৯১.৫৮ | ১৪০০০/- | ১৪৫০২/- | ১৩,২৮,০৯৩.১৬ | ০২ টি |
| ৭। | সুপার স্টার প্রপার্টিজ লিঃ পক্ষে- কাজী মোঃ আবু সুফিয়ান | ৬ষ্ঠ তলা-১৩ | ২০১.২৬ | ১২০০০/- | ১২৮০০/- | ২৫,৭৬,১২৮.০০ | ০১ টি |
| ৮। | জনাব মোঃ ইব্রাহিম | ৬ষ্ঠ তলা-৩২ | ৯০২.৪৭ | ১২০০০/- | ১২৮০০/- | ১,১৫,৫১,৭৪৪.০০ | ০১ টি |
| ৯। | জনাব জাফর ইকবাল সিদ্দিকী (সাবেক এমপি) | ৭ম তলা-কমার্শিয়াল স্পেস | ১৭৪৭.৫৭ | ১২০০০/- | ১২১০০/- | ২,১১,৪৫,৫৯৭.০০ | ০১ টি |
| ১০। | জনাব মোঃ জাকির হোসেন | ৮ম তলা-০২ | ১৬৩.৮১ | ১২০০০/- | ১৩১০১/- | ২১,৪৬,০৭৪.৮১ | ০২টি |
| ১১। | বেগম ফারজানা বিলকিস | ৮ম তলা-১৭ | ১৬৪.৩৬ | ১২০০০/- | ১২০০০/- | ১৯,৭২,৩২০.০০ | ০১ টি |

(খ) রজনীগন্ধা টাওয়ার এর ২৭ টি দোকান/স্পেস/ডাক্তার চেম্বার বরাদ্দের নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৫ জানুয়ারি, ২০১৫ তারিখে দরপত্র আহ্বান করা হয়। নির্ধারিত তারিখে তলা ভিত্তিক মোট ১৪ টি দোকান/স্পেস এর বিপরীতে মোট ২৬ টি দরপত্র পাওয়া যায়। একটি দরপত্রে দোকান নম্বর উল্লেখ না থাকায় দরটি যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাতিল করা হয়। যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নবর্ণিত দরগুলো গ্রহণ করার সুপারিশ করা হয় ঃ-

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১। | জনাব হায়দার জাহান খান ইমন | ২য় তলা-২৭ | ১৩৮.৪১ | ১৬০০০/- | ২১১০৬/- | ২৯,২১,২৮১.৪৬ | ০৬ টি |
| ২। | মাকসুদা বেগম | ৩য় তলা-২৪ | ১২১.৭৩ | ১৫০০০/- | ১৭৫০৫/- | ২১,৩০,৮৮৩.০০ | ০১ টি |
| ৩। | সামিনা ইমরান | ৩য় তলা-৩২ | ১৩২.৪৯ | ১৫০০০/- | ১৭৭৩৭/- | ২৩,৪৯,৯৭৫.০০ | ০১ টি |
| ৪। | জনাব মোঃ বিল্লাল হোসেন | ৩য় তলা-৩৩ | ১৪২.৮০ | ১৫০০০/- | ১৭১২৭/- | ২৪,৪৫,৭৩৫.৬০ | ০৩ টি |
| ৫। | জনাব হাবিবুল বাশার | ৪র্থ তলা-০৭ | ১২১.৭৬ | ১৪৫০০/- | ১৯০০১/- | ২৩,১৩,৫৬১.৭৬ | ০১ টি |
| ৬। | জনাব আনোয়ার হোসাইন | ৪র্থ তলা-১৪ | ১৩৩.৭৬ | ১৪৫০০/- | ২১১০১/- | ২৮,২২,৪৬৯.৭৬ | ০১ টি |
| ৭। | হোসনে আরা বেগম | ৪র্থ তলা-২২ | ১৩৬.৬৫ | ১৪৫০০/- | ১৪৯০৯/- | ২০,৩৭,৩১৪.০০ | ০১ টি |
| ৮। | জনাব মীর মোহাম্মদ বদরুল করিম | ৪র্থ তলা-২৩ | ১৩১.১৯ | ১৪৫০০/- | ১৫৬৩৪/- | ২০,৫১,০২৪.০০ | ০১ টি |
| ৯। | জনাব মোঃ মোজাফ্ফর হোসেন ভূইয়া | ৪র্থ তলা-৩১ | ১৩২.৪৯ | ১৪৫০০/- | ১৫১১৯/- | ২০,০৩,১১৬.০০ | ০১ টি |
| ১০। | ব্রিগেঃ জেনাঃ রাজিয়া খাতুন (অবঃ) | ৫ম তলা-ডাক্তার চেম্বার-০১ | ১০৫.২৬ | ১৪০০০/- | ১৬৭০০/- | ১৭,৫৭,৮৪২.০০ | ০২ টি |
| ১১। | এ এফ এম শামসুল হক | ৫ম তলা-ডাক্তার চেম্বার-০৭ | ১১০.০০ | ১৪০০০/- | ২০২০২/- | ২২,২২,২২০.০০ | ০৩ টি |
| ১২। | আলোক হেলথ কেয়ার লিঃ পক্ষে- এমএ মজিদ মিয়া (চেয়ারম্যান) | ৫ম তলা-ল্যাবঃ-০২ | ৩৬১.৬২ | ১৪০০০/- | ১৪৩০১/- | ৫১,৭১,৫২৭.৬২ | ০২ টি |
| ১৩। | ডাঃ কর্ণেল খালেদা খানম | ৬ষ্ঠ তলা-ডাক্তার চেম্বার-০৩ | ১১০.০০ | ১২০০০/- | ১৬১০০/- | ১৭,৭১,০০০.০০ | ০২ টি |
| ১৪। | ১। ডাঃ মোঃ সাখাওয়াত হোসেন<br>২। ডাঃ মোঃ মামুনুর রশিদ | ৬ষ্ঠ তলা-ডেন্টাল চেম্বার-০১ | ৩১৬.৮৩ | ১২০০০/- | ১৩৯১৫/- | ৪৪,০৮,৬৮৯.৪৫ | ০১ টি |

বিস্তারিত আলোচনান্তে উপরোল্লিখিত দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলা ১৪ নং দোকান হস্তান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে ৮ এপ্রিল, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে ১৩৩.৭৬ বর্গফুট বিশিষ্ট ২য় তলার ১৪ নং দোকানটির জন্য ফাতেমা আক্তার কর্তৃক প্রদত্ত ২০,৪০,৬৪০/-(বিশ লক্ষ চল্লিশ হাজার ছয়শত চল্লিশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ১৫ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩২বিবিধ(৫) এর মাধ্যমে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০ আগস্ট,২০১০ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৭৭/শা-৩/১২২ নং পত্রে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৬ সেপ্টেম্বর,২০১০ তারিখে ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/১ম তলা-১৪/২ নং পত্রে সালামীর টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। উক্ত ইজারা গ্রহীতা সালামীর সমুদয় অর্থ পরিশোধ করেছেন এবং ইজারা গ্রহীতাকে বরাদ্দ পত্র প্রদান করা হয়েছে। তিনি উক্ত দোকানটির পজেশন তাঁর ভাগনী মরিয়ম সুলতানা, স্বামী-শফিক উদ্দিন, মাতা-জাহানারা বেগম, বাসা নং-ডিসিসি-৪৭/২, ইব্রাহিমপুর, ঢাকা-১২০৬ এর নিকট দান করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত দোকানটি নিয়ম মোতাবেক ফি পরিশোধ সাপেক্ষে দান করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা টাওয়ার এর ৬ষ্ঠ তলা ডাক্তার চেম্বার নং-২ হস্তান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর দোকান/স্পেস/ডাক্তার চেম্বার ইজারা প্রদানের নিমিত্তে ১৬ মার্চ, ২০১১ তারিখে দরপত্র আহবান করা হলে ১১৭.৫ বর্গফুট বিশিষ্ট ৬ষ্ঠ তলার ডাক্তার চেম্বার নং-২ এর জন্য ডাঃ বেগম রুবিয়া সুলতানা কর্তৃক প্রদত্ত ১৭,৭৪,৩৬৭.৫০/-(সতের লক্ষ চুয়াত্তর হাজার তিনশত সাতষট্টি টাকা পঞ্চাশ পয়সা) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ৩১ মার্চ, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৪ এর মাধ্যমে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪ অক্টোবর ২০১১ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৭৭/শা-৩/২৭৪ নং পত্রে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৭ জানুয়ারি,২০১২ তারিখে ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/৬ষ্ঠ তলা/ডাঃচেঃ-২/০৫ নং পত্রে সালামীর টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। উক্ত ইজারা গ্রহীতা সালামীর সমুদয় অর্থ পরিশোধ করেছেন এবং ইজারা গ্রহীতাকে বরাদ্দ পত্র প্রদান করা হয়েছে। তিনি আর্থিক প্রয়োজনে উক্ত দোকানটির পজেশন লেঃ কর্ণেল (অবঃ) সেলিনা বানু, স্বামী-ব্রিগেডিয়ার জেনারেল শাহ-ই আলম, এনডিসি (অবঃ), বাড়ী#৪০৮/৯, রোড#৭, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস এর নিকট হস্তান্তরের অনুমতি চেয়ে ২০ জানুয়ারি, ২০১৫ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ডাক্তার চেম্বারটি নিয়ম মোতাবেক ফি পরিশোধ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ৪র্থ তলা ৬ নং দোকানের ইজারা গ্রহীতা মেজর জেনাঃ এস এম শফিউদ্দিন আহমেদ, এনডিইউ, পিএসসি কর্তৃক উক্ত দোকানের বিপরীতে দাখিলকৃত দর হ্রাস করার বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ জানুয়ারি, ২০১৫ তারিখে ৩৯৫১/৯/কিউএমজি নং পত্রের সাথে সংযুক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে ১৯ আগস্ট,২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে ১৪৩.৬৬ বর্গফুট বিশিষ্ট ৪র্থ তলার-০৬ নং দোকানটির জন্য মেজর জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এনডিইউ, পিএসসি কর্তৃক প্রতি বর্গফুট ১৮,১০০/- টাকা হিসেবে মোট ২৬,০০,২৪৬/- (ছাব্বিশ লক্ষ দুইশত ছেচল্লিশ) টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। উক্ত দরটি ২৫ আগস্ট, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৫৭ এর মাধ্যমে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩ অক্টোবর, ২০১৪ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৪১-৪/শা-৩/৭৯ নং পত্রে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ৩০ অক্টোবর,২০১৪ তারিখে ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/অঃকাঃশঃকঃ/৪র্থ তলা/০৬/০৭ নং পত্রে সালামীর টাকা ২৬ নভেম্বর, ২০১৪ তারিখে ১ম কিস্তিসহ মোট ০৮ আট কিস্তিতে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা মিশনে বিদেশে অবস্থান করার কারণে সালামী পরিশোধের তারিখ জানুয়ারি, ২০১৫ হতে পুনঃ নির্ধারণ করার জন্য ২৫ নভেম্বর, ২০১৪ তারিখে সেনসদরে পত্র প্রেরণ করেন। সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস উক্ত আবেদনপত্রটি পরবর্তী কার্যক্রমের জন্য ০৩ ডিসেম্বর,২০১৪ তারিখে ৩৯৫১/৯/কিউএমজি নং পত্র প্রেরণ করে। উক্ত পত্রের প্রেক্ষিতে সালামীর পরিশোধের তারিখ পুনঃ নির্ধারণ করে অবহিত করা হয়। পরবর্তীতে তিনি অন্যান্য দোকানের সাথে তুলনা করে উক্ত দোকানের দাখিলকৃত প্রতি বর্গফুট ১৮,১০০/-টাকার দর পুনঃবিবেচনা করার জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসে আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি সেনাসদর, কিউএমজি শাখা এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস ১৩ জানুয়ারি, ২০১৫ তারিখের ৩৯৫১/৯/কিউএমজি নং পত্রের সাথে অত্র দপ্তরে প্রেরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে যেহেতু উক্ত দোকানের বিপরীতে ইজারা গ্রহীতা কর্তৃক সীলমোহরকৃত খামে নিজে উক্ত দর দাখিল করেছেন এবং বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে সেহেতু উক্ত দর হ্রাস করার অবকাশ নেই। বোর্ডসভায় আবেদনপত্রটি সহানুভূতির সাথে গ্রহণ করা হয়েছে, কিন্তু উক্ত আবেদনটি বিবেচনা করা হলে এটিকে নজির হিসেবে আরো অনেকেই দর হ্রাসের আবেদন করতে পারেন। এছাড়া উন্মুক্ত দরপত্রের মাধ্যমে প্রাপ্ত দর অনুমোদনের পর হ্রাস করা হলে আর্থিক অনিয়মের কারণে অডিট আপত্তি হওয়ারও সম্ভাবনা রয়েছে। তাই আবেদনকারী উক্ত দরে দোকানটি গ্রহণ করতে অসম্মত হলে তাঁর জমাকৃত জামানতের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। বিষয়টি আবেদনকারী এবং সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর-কে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৪ঃ মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ৮ম তলা ৮ নং দোকান আপন চাচা-কে হেবা/দান করার অনুমতি প্রদানের বিষয়ে বরাদ্দ গ্রহীতা জনাব মোঃ মাসুদ মিয়া এর ২৯/১২/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস ইজারা প্রদানের নিমিত্তে ১৮ আগস্ট,২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে ১৪৩.৬৬ বর্গফুট বিশিষ্ট ৮ম তলার ০৮ নং দোকানটির জন্য জনাব মোঃ মাসুদ মিয়া কর্তৃক প্রদত্ত প্রতি বর্গফুট ১৪,২৭৫/- টাকা হিসেবে মোট ২০,৫০,৭৪৬/-(বিশ লক্ষ পঞ্চাশ হাজার সাতশত ছেচল্লিশ) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি ২৫ আগস্ট ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৫৭ এর সিদ্ধান্তে এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৩ অক্টোবর ২০১৪ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৪১-৪/শা-৩/৭৯ নং পত্রের মাধ্যমে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৩ নভেম্বর, ২০১৪ তারিখের ঢাক্যাবো/মিরঃ ডিওএইচএস/ তাঃকাঃশঃকঃ/৮ম তলা/০৮/০৭ নং পত্রের মাধ্যমে সালামীর টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সর্বোচ্চ দরদাতা যথানিয়মে ০১ (এক) কিস্তির টাকা পরিশোধ করেছেন। বর্তমানে বিভিন্ন সমস্যার কারণে অবশিষ্ট কিস্তির টাকা পরিশোধ করা সম্ভব হচ্ছে না বিধায় উক্ত দোকানের মালিকানা তাঁর আপন চাচা মেজর জেনারেল মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, এইচএডিএমসি, পিএসসি, এমআইএসটি, মিরপুর সেনানিবাস এর নিকট হস্তান্তরের অনুমতি চেয়ে ২৯ ডিসেম্বর,২০১৪ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে বর্ণিত দোকানটি নিয়ম মোতাবেক ফি পরিশোধ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ১ম তলার কমার্শিয়াল স্পেস, ২য় তলার কমার্শিয়াল স্পেস ও ৫ম তলার রেষ্টুরেন্ট এর ইজারাদর গত ২৭/২/২০১১ তারিখে অনুমোদন হলেও গ্রহীতাগণ কর্তৃক অদ্যাবধি সালামীর কোন অর্থ পরিশোধ না করায় ইজারা বাতিলের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ১ম তলার কমার্শিয়াল স্পেস, ২য় তলার কমার্শিয়াল স্পেস ও ৫ম তলার রেষ্টুরেন্ট এর ইজারা দর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক গত ২৭/২/২০১১ তারিখে চূড়ান্তভাবে অনুমোদন করা হয়। অতঃপর অত্র দপ্তরে হতে সালামীর টাকা পরিশোধ করার জন্য বিভিন্ন সময়ে ০৩(তিন)টি পত্র প্রদান করা হলেও অদ্যাবধি কোন সালামী পরিশোধ করা হয়নি। সর্বশেষ গত ০১ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের পত্রে সালামীর টাকা পরিশোধ করা না হলে জামানত হিসেবে জমাকৃত ৫০,০০০/-টাকা বাজেয়াপ্ত করে দোকান বরাদ্দ বাতিল করা হবে মর্মে চূড়ান্ত পত্র প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে আলোচ্য ০৩(তিন)টি কমার্শিয়াল স্পেস এর ইজারা বাতিল করে নতুনভাবে ইজারা প্রদানের জন্য দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সামরিক কোটায় বরাদ্দকৃত রজনীগন্ধা সুপার মার্কেটের বি/২৯ নং দোকানের বিষয়ে ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত দোকানটি সামরিক কোটায় নতুনভাবে ইজারা প্রদানের কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি বাহিত গাড়ী (বাউজার) দ্বারা সেনানিবাস এলাকায় পানি সরবরাহের জন্য ফি নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি বাহিত গাড়ী (বাউজার) দ্বারা সেনানিবাস এলাকায় উন্নয়নমূলক কাজের জন্য ঠিকাদারদের এবং সেনানিবাস এলাকায় অনেক বাসা-বাড়ী ও বিভিন্ন সংস্থাকে তাদের চাহিদা মোতাবেক পানি সরবরাহ করা হয়। এ ক্ষেত্রে জ্বালানী, জনবল ও পানির মূল্য বাবদ প্রতি গাড়ী পানি সরবরাহের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা হারে ফি নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর (অবঃ) আহসানুল মজিদ | ৪৩৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ২। | (ক) নাজনীন নূর সুইটি<br>স্বামী-শহীদ কর্ণেল কাজী এমদাদুল হক<br>(খ) কাজী মোহাম্মদ উমান এমদাদ (ছেলে)<br>(গ) কাজী তাওসীফ এমদাদ (ছেলে)<br>সর্বপিতা-স্বামী-শহীদ কর্ণেল কাজী এমদাদুল হক | ৮৫৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৩। | জনাব মোঃ আতোয়ার হোসেন তালুকদার<br>নির্বাহী প্রকৌশলী (বি/আর) | ৯০১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪। | উইং কমান্ডার খ্রীষ্টোফার অধিকারী (অবঃ) | ৯৭৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (ভবনের আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৫। | উইং কমান্ডার (অবঃ) সাইফুল হাকিম | ১২১৫ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৬। | কমডোর মুহাম্মদ আবিদুর রহমান (এনডি), এনডিসি, পিএসসি, বিএন | ১৩৪০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৭। | ব্রিগেঃ জেনাঃ মাসুক আহমদ চৌধুরী (অবঃ) | ২২১ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (পুরাতন ০৫ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| ৮। | ব্রিগেঃ জেনাঃ সরকার এম এ মতিন (অবঃ) | ৩৫১/এ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (ভবনের আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৯। | (ক) এস এম ফজর আলী, পিতা- মোঃ আহাদ আলী<br>(খ) মিসেস তাহমিনা বেগম, স্বামী- এস এম ফজর আলী | সিবি-২১১/১১ | কচুক্ষেত পুরান বাজার | | নতুন ০৭ তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫ ও ৬ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৬টি প্লট, ক্রমিক নং-৭ ও ৮ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস ২টি প্লট এবং ক্রমিক নং-৯ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ১টি প্লটসহ মোট ৯টি প্লটে ০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | ব্রডওয়ে বিল্ডিং হতে অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা পর্যন্ত পশ্চিম পার্শ্বে রিক্সা লেনের গাইড ওয়ালে ফেসিং ব্রিক সরবরাহ ও স্থাপনকরণ। | ৭,৭৩,১২৫/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ২। | অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা হতে সিএমএইচ ইন গেইট পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্বে রিক্সা লেনের গাইড ওয়ালে ফেসিং ব্রিক সরবরাহ ও স্থাপনকরণ। | ৮,৫২,৩২৯/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | সিএমএইচ ইন গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার পশ্চিম পার্শ্বে রিক্সা লেনের গাইড ওয়ালে ফেসিং ব্রিক সরবরাহ ও স্থাপনকরণ। | ৯,৫৪,০৮৮/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | হাজী মহসিন বাসস্ট্যান্ড হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত পূর্ব পার্শ্বের রিক্সা লেইনে গাইড ওয়াল নির্মাণ ও গাইড ওয়ালে ফেসিং ব্রিক সরবরাহ ও স্থাপন। | ২২,৬৬,৩২০/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | শহীদ সরণির আর্মি এমপি ইউনিটের অপর পার্শ্বে স্টাফ রোড এবং শহীদ বেলায়েত রোডের মধ্যবর্তী স্থানে সৌন্দর্য বর্ধনের জন্য মাটি ভরাটকরণ ও ঘাস লাগানো। | ১,৪৩,৬৩৭/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী ১৫০টি আধুনিক রোড ডিভাইডার সরবরাহ ও স্থাপনকরণ। | ৪,২০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৭। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণি, ফ্লাইওভার হতে উত্তর দিকে অফিসার্স মেস 'সি' ইন গেইট পর্যন্ত (৪৬০-০´) রাস্তার মধ্যবর্তী স্থানে ডিভাইডারের উপর জিআই/এসএস পাইপে রেলিং স্থাপন কাজ। | ২,৮৯,৬৪০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৮। | ঢাকা সেনানিবাসের ক্যান্ট বাজার এলাকায় ৭ নং রোডের ৬৫/ডি এর সামনে শিশুপার্ক মাঠ উন্নয়ন কাজ। | ৫,০০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৯। | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপকেন্দ্রের ওভারহেড লাইনের ১১ কেভি লাইটিং এরিস্টর, গ্যাং আইসোলেটর এবং ড্রপআউট ফিউজ পরিবর্তন কাজ। | ১,২১,২১৯/- | সংশ্লিষ্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১০। | রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারের পুরাতন পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন পানির লাইন স্থাপন এবং ০৪ নং পানির পাম্পের সুইচ বাল্ব স্থাপন কাজ। | ৫৭,৩১৩/- | সংশ্লিষ্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডে ০২ নং পানির পাম্প নষ্ট হয়ে যাওয়ায় তা উত্তোলন এবং নতুন একটি পাম্প সেট (মটরসহ) স্থাপন কাজ। | ৭,৭২,৭৬৩/- | মৌলিক নির্মাণ (ঘ-১-ঘ) (পানি সরবরাহ) |
| ১২। | মিরপুর সেনানিবাসে অবস্থিত ময়লা ফেলার রাস্তা মেরামত ও উঁচুকরণ কাজ। | ১০,০০,১০৮/৮৬ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৩। | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৫ উপলক্ষ্যে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ভবনের বাহির সাইড চুনকামকরণ। | ২,৯৯,৩৮৬/- | বিদ্যালয় মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ১৪। | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০১৫ উপলক্ষ্যে আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুল ভবনের বাহির সাইড এবং বাউন্ডারী ওয়াল চুনকামকরণ। | ২,৯৯,৬৯০/- | বিদ্যালয় মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫ নং রোড কার্পেটিং কাজ। | ১৩,৯১,৬৭৭/- | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ১৬। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ও ক্যান্টঃ হাউজের বাউন্ডারী ওয়ালের পশ্চিম পার্শ্বে ফেন্সিং ব্রিকস সরবরাহ ও স্থাপন কাজ। | ৬,৬৪,৩৪১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৭। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরী রুম সংস্কার ও মেরামত কাজ। | ২,১৬,৭০৭/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ নং স্টাফ কোয়ার্টারের ২য় তলা মেরামত ও সংস্কার কাজ। | ৬৯,৬১৩/- | মেরামত ও সংস্কার খাত |
| ১৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-৬ মেরামত ও সংস্কার কাজ। | ৫১,১৭৯/- | মেরামত ও সংস্কার খাত |
| ২০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৪/ই এবং ৬৪/১-সি (উত্তর পার্শ্ব) মেরামত ও সংস্কার কাজ। | ৫৩,৩৪৬/- | মেরামত ও সংস্কার খাত |
| ২১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৫২/এ (৫ম তলা-দক্ষিণ, ফ্ল্যাট নং-১৭) মেরামত ও সংস্কার কাজ। | ৮২,৮৮৫/- | মেরামত ও সংস্কার খাত |
| ২২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-১ মেরামত ও সংস্কার কাজ। | ৫২,১২৪/- | মেরামত ও সংস্কার খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ১০, ১৩, ১৪, ১৮, ১৯, ২০, ২১ ও ২২ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের ২৬/ডি-৯(৩য় তলা) মেরামত ও সংস্কার কাজ। | ৪৫,০১৯/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৪৬,৮১৯/৭৬ | মেরামত ও সংস্কার (ঘরবাড়ী) |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোডের ড্রেন মেরামত ও সংস্কার কাজ। | ৩৬,৪২৬/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৩৭,৮৮৩/০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৮/এ (২য় তলা) বাসায় বৈদ্যুতিক ও স্যানিটারী ফিটিংস মালামাল সরবরাহকরণ কাজ। | ১,৪৯,৯০০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৫৫,৮৯৬ | মেরামত ও সংস্কার (ঘরবাড়ী) |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ স্টাফ কোয়ার্টারের (উত্তর পূর্ব কর্ণার) মেরামত ও রংচুনকরণ কাজ। | ৩৮,৭৮২/- | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ৪০,৬৭৪/৪৬ | মেরামত ও সংস্কার (ঘরবাড়ী) |
| ৫। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির মেস 'সি' এর অপর পার্শ্বে বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য কাঁচা ড্রেন নির্মাণ ও শহীদ সরণির আদমজী এবং হাজী মহসিন বাসস্ট্যান্ড এবং ডিজিএফআই প্রবেশ গেইটের সামনে মেরামত ও সংস্কার কাজ। | ১,০৮,৩৮১/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ১,১৩,৬৯১/৬৬ | মেরামত ও সংস্কার খাত (ড্রেন/নর্দমা) |
| ৬। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অফিস ভবন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ২০,২৪,৭৫৫/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২১,২০,৯৩০/৮৬ | বোর্ডের স্থানীয় আয় |
| ৭। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের কঞ্জারভেন্সী অফিসার রুম, ট্যাক্স এসেসর রুম, ডাটা এন্ট্রি রুম, ডাকগ্রহণ রুম সংস্কার ও মেরামত কাজ। | ৫,৫০,০০০/- | মেসার্স মনির এন্ড কোং | ৫,৭১,৯৪৫/- | মেরামত ও সংস্কার খাত |
| ৮। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের দুইটি জেনারেটর সার্ভিসিং এবং সাইলেনচার পাইপ বর্ধিতকরণ কাজ। | ৫০,২৫৮/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫২,৫১৯/৬১ | হাসপাতালের মেরামত খাত |
| ৯। | ১৬ ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষ্যে রজনীগন্ধা সুপার মার্কেটের শাপলা চত্বরের শাপলা মেরামত ও রংকরণ কাজ। | ৪১,৮৮৩/- | মেসার্স জিএম ট্রেডার্স | ৪১,৮৮৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১০। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ফুটপাতের পূর্ব ও পশ্চিম পার্শ্বে সৌন্দর্য বর্ধনের জন্য ভিটি মাটি ভরাটকরণ, ঘাস লাগানো কাজ। | ২৭,৫৩,১৮৯/- | মেসার্স প্রীতি কনস্ট্রাকশন | ২৭,৫৩,১৮৯/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১১। | আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা, গ্যারিসন ফুটওভার ব্রিজ এবং স্বাধীনতা সরণির ফুটওভার ব্রিজের উপরে নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৩,১১,৫৭৯/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৩,২৫,৪৪৪/২৬ | নিরাপত্তা বাতির মেরামত খাত |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বিল্ডিং নং-৯৭ এর ০৪টি বাসার স্যুয়ারেজ লাইনের পুরাতন পাইপ ও ০৩টি বাসার বাথ রুমের পুরাতন প্যান পরিবর্তন কাজ। | ১,০০,৮৯০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,০৪,৯২৫/৬০ | পরিত্যাক্ত সম্পত্তির খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩। | বনানী সামরিক কবরস্থানের দক্ষিণ দিকে ০৫টি লেইন নির্মাণসহ পেভড টাইলস স্থাপন ও লেন নং-২০,২১,২২, ২৩ কার পার্কিয়ে এবং বাউন্ডারী ওয়ালের পার্শ্বে ২৭টি জিআই পোল দ্বারা নিরাপত্তা বাতি সরবরাহ ও স্থাপন কাজ। | ৩৫,৯০,৫৭৬/- | এম আর ট্রেড লিংক | ৪১,২৯,১৬০/৬৩ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৪। | মহাখালী ডিওএইচএস এলাকার ৩২ নং রোড এবং ৩২ ও ৩৪ এর সংযোগ সড়কের ওয়াসা কর্তৃক খননকৃত অংশ মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯১,৫০৭/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২,০০,৯৮৬/৫৯ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ ওয়াসা কর্তৃক রাস্তা কর্তনের ক্ষতিপূরণ বাবদ জমাকৃত অর্থ |
| ১৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন ৭ নং রোডের ৭ নং ভবন (ডিএমএলএন্ডসি ও এমইও অফিস) এর ২য় তলার উপর ৩য় তলা নির্মাণের নকশা প্রনয়ন কাজ। | ৬৬,৩৪,৪৯৭/- | ইউনিক কনসালটিং সার্ভিসেস | মোট মূল্যানুমানের উপর ১% | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ১৬। | সেনাপল্লী হাইস্কুলে অভিভাবক শেড নির্মাণের নকশা প্রনয়ন কাজ। | ১৫,৮৮,৪৫২/- | আলটিটিউড আর্কিটেক্ট এন্ড ডিজাইন ডেভেলোপমেন্টস্ | মোট মূল্যানুমানের উপর ১.৫% | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫, ৭, ৮, ৯ ও ১১ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১২ এ উল্লেখিত কাজটি পরিত্যক্ত সম্পত্তি পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২১ঃ মিরপুর ডিওএইচএস এর উত্তর-পশ্চিম প্রান্তে ৩য় মসজিদের নকশা অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, অনুমোদিত মাস্টার প্ল্যানে মিরপুর ডিওএইচএস এর উত্তর-পশ্চিম প্রান্তে মসজিদ থাকায় উক্ত এলাকায় মসজিদ নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডস্থ প্লট নং-৫০ এর মালিক মেজর মোঃ জসীম উদ্দীন (অবঃ) কর্তৃক উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে ০৩ ডিসেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৮ এর সিদ্ধান্তের আলোকে গঠিত পর্ষদ প্রতিবেদন অবহিত হওয়া এবং এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটের নকশা অনুমোদনের বিষয়ে উক্ত প্লটের মালিক মেজর মোঃ জসীম উদ্দীন (অবঃ) কর্তৃক উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে ০৩ ডিসেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৮ এর সিদ্ধান্তের আলোকে গঠিত পর্ষদ প্রতিবেদনটি (পরিশিষ্ট-খ) সভায় বিস্তারিতভাবে পর্যালোচনান্তে কমিটির সুপারিশের আলোকে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) ডিওএইচএস ব্যতীত ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় আবাসিক ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে নিম্নবর্ণিতভাবে রাস্তার ক্ষতিপূরণ আদায় করতে হবেঃ-

| *ক্রমিক নং* | *ধরন* | *ধার্যকৃত ফি (প্রতি বর্গফুট)* |
|---|---|---|
| ১। | প্লট মালিক কর্তৃক নির্মাণের ক্ষেত্রে | ২৫/- টাকা |
| ২। | ডেভলোপার কর্তৃক নির্মাণের ক্ষেত্রে | ৪০/- টাকা |

ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক এ যাবৎ রাস্তার ক্ষতিপূরণ বাবদ আদায়ের বিষয়টি অনুমোদন করা হলো এবং ইতোপূর্বে পরিশোধিত ক্ষতিপূরণ বর্তমান হারের সাথে সমন্বয় করা হবে না।

(খ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লটের মালিককে রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করার জন্য পত্র দেয়া হলেও অদ্যাবধি ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করা হয়নি। রাস্তার ক্ষতিপূরণের অর্থ পরিশোধ না করা পর্যন্ত উক্ত প্লটে নির্মিত বাড়ীর কোন ফ্ল্যাট হস্তান্তর অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(গ) কমিটির প্রতিবেদন অনুযায়ী মেজর মোঃ জসীম উদ্দীন (অবঃ) কর্তৃক উত্থাপিত অভিযোগের কোন সত্যতা না থাকায় তিনি যে সকল দপ্তরে উক্ত অভিযোগ দাখিল করেছেন তা প্রত্যাহারসহ ক্ষমা প্রার্থনা করে আবেদন দাখিল করলে এবং উপরোল্লিখিত হারে ধার্যকৃত ক্ষতিপূরণ পরিশোধ করার পর নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) দাপ্তরিক গোপনীয় তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ, গোপনীয়তা রক্ষাসহ অন্যান্য বিষয়ের উপর সজাগ থাকার বিষয়ে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক বোর্ডের চাকুরীরত সকল কর্মকর্তা/ কর্মচারীকে নির্দেশনা প্রদান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ গত ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্যাথলজি বিভাগে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এর সহকারী অধ্যাপক লেঃ কর্ণেল ডাঃ ইকবাল করিম, এমবিবিএস, এমসিপিএস (ক্লিনিক্যাল প্যাথলজি), এফসিপিএস (হিসটোপ্যাথলজি) এর প্রেক্টিস করার বিষয়ে ভারপ্রাপ্ত চীফ মেডিকেল অফিসারের ২৪ নভেম্বর ২০১৪ তারিখের সিজিএইচ/বহি/১৯৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবে প্যাথলজি বিভাগের রিপোর্ট করার জন্য আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এর সহকারী অধ্যাপক লেঃ কর্ণেল ডাঃ ইকবাল করিম, এমবিবিএস, এমসিপিএস (ক্লিনিক্যাল প্যাথলজি), এফসিপিএস (হিসটোপ্যাথলজি)-কে অনুমোদিত নীতিমালার আলোকে প্রতিটি পরীক্ষার মোট ফি এর ১৫% সম্মানী পরিশোধ সাপেক্ষে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। নীতিমালা অনুযায়ী বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে ৫০% হ্রাসকৃত ফি প্রদান না করে মূল্য তালিকার বিপরীতে কনসালটেন্টকে মূল হারের ১৫% ফি পরিশোধ করতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে ডিজিএমএস এর সাথে পরামর্শক্রমে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ গত ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২২ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বিভিন্ন প্যাথলজি টেষ্টের ফি নির্ধারণের বিষয়ে ভারপ্রাপ্ত চীফ মেডিকেল অফিসারের ২৪ নভেম্বর ২০১৪ তারিখের সিজিএইচ/বহি/১৯২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স দিলদার এন্টারপ্রাইজ ও মেসার্স ইরা এন্টারপ্রাইজের স্বত্ত্বাধিকারীদের আবেদনের প্রেক্ষিতে প্রতিষ্ঠান দু'টির তালিভুক্তি বাতিল ও জমাকৃত জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মেসার্স দিলদার এন্টারপ্রাইজ ও মেসার্স ইরা এন্টারপ্রাইজ এর স্বত্ত্বাধিকারী তাদের প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল ও জমাকৃত নিরাপত্তা জামানত ফেরতের জন্য যথাক্রমে গত ২৬ জানুয়ারি ২০১৫ ও ০৯ ডিসেম্বর ২০১৪ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত ফার্মের বিরুদ্ধে কোন অডিট আপত্তি/পাওনা নাই মর্মে অত্র বোর্ডের হিসাব রক্ষণ শাখা হতে মতামত পাওয়া যায়। বিস্তারিত আলোচনান্তে প্রতিষ্ঠান দু'টির স্বত্ত্বাধিকারীদের আবেদন ও হিসাব রক্ষণ শাখার মতামতের ভিত্তিতে উক্ত প্রতিষ্ঠান দু'টির তালিকাভুক্তি বাতিল ও ও জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে মেসার্স জে এস এস এন্টারপ্রাইজকে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মেসার্স জে এস এস এন্টারপ্রাইজ-কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৭ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক ফিটনেস সেন্টার নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে বারিধারা ডিওএইচএস পরিষদ এর ০৮/১২/২০১৪ তারিখের ডিওএইচএস-বা/১৭৬/ফিটনেস সেন্টার নং পত্র এবং সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২২/১/২০১৫ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২. ০৭১.৩৯.২২.০১.১৫ নং পত্রটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ল্যান্ড পয়েন্ট অব ভিউতে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তার চেম্বার ভাড়া প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ আউট সোর্সিং এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ম্যানুয়াল জন্ম নিবন্ধন ডাটা অনলাইনে এন্ট্রির জন্য ৯০,৩১০/- (নব্বই হাজার তিনশত দশ) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, অনলাইনে সরাসরি জন্ম নিবন্ধন কার্যক্রম শুরু হওয়ার পূর্ব পর্যন্ত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে সর্বমোট ৪৪৩৫৫টি জন্ম নিবন্ধন ম্যানুয়াল রেজিস্টারের মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত ম্যানুয়াল ডাটা আউটসোর্সিং এর মাধ্যমে অনলাইনে এন্ট্রির জন্য প্রতি ডাটা ২/- টাকা হারে ব্যয় করার অনুমোদন প্রদান করা হয়। সে মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কম্পিউটার জানা ১৬ জন কর্মচারী অফিস সময়ের পর ও সাপ্তাহিক ছুটির দিনে উক্ত ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন খাতে আদায়কৃত অর্থ হতে ডাটা এন্ট্রির ৯০,৩১০/- (নব্বই হাজার তিনশত দশ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনের ০১ জুলাই, ২০১৫ তারিখ হতে ৩০ জুন, ২০১৭ পর্যন্ত সময়ের মাসিক ভাড়ার হার নির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা ব্যাংক ভবনের মাসিক ভাড়া ০১ জুলাই, ২০১৫ তারিখ হতে চুক্তির মেয়াদ পর্যন্ত অর্থাৎ ৩০ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত প্রতি বর্গফুট ৫০/- (পঞ্চাশ) টাকা হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২৫ জুন ২০১৪ তারিখের বোর্ড সভার আলোচ্যসূচী-৩৫বিবিধ(১৩) এর প্রেক্ষিতে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের বিছানার চাদর, বালিশের কভার ইত্যাদি আউট সোর্সিং এর মাধ্যমে ধৌতকরণের নিমিত্ত আহ্বানকৃত দরপত্রের মধ্যে সর্বনিম্ন দরপত্রদাতা মেসার্স অর্পিতা ট্রেডার্স এর দরপত্র অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তানাটির উপর আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের বিছানার চাদর, বালিশের কভার ইত্যাদি ধৌতকরণের নিমিত্তে মেসার্স অর্পিতা ট্রেডার্স কর্তৃক দাখিলকৃত দর অধিক বিধায় তা অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। পুনঃদরপত্র আহ্বানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য চীফ মেডিক্যাল অফিসারকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩২ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রোমেকানিক্যাল কাজের মূল্যানুমান ও নকশা বুয়েট/এমআইএসটি কর্তৃপক্ষ কর্তৃক ভেটিংপূর্বক প্রেরণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮ জানুয়ারি, ২০১৫ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে এ ব্যাপারে এমআইএসটি-তে অনুষ্ঠিতব্য সভায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত হলো।

আলোচ্যসূচী-৩৩ঃ মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপের প্লট নং-৫৫২ ও ৫৫৩ এ বিদ্যমান মসজিদ এর বারান্দা, অজুখানা ও থাই এ্যালুমিনিয়ামের জানালা স্থাপন কাজের ব্যয়ের খাত মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিলের পরিবর্তে উক্ত এলাকার বিবিধ তহবিল হতে সংকুলানের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ২য় ধাপের প্লট নং-৫৫২ ও ৫৫৩ এ বিদ্যমান মসজিদ এর বারান্দা, অজুখানা ও থাই এ্যালুমিনিয়ামের জানালা স্থাপন কাজটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদার মেসার্স তাহের এন্টারপ্রাইজকে কার্যাদেশ প্রদান করা হয়। চুক্তিপত্রের শর্ত মোতাবেক কাজ সম্পন্ন করা হচ্ছে। ঠিকাদার ইতোমধ্যে ১ম চলতি বিলের জন্য আবেদন করেছেন। কিন্তু মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিলে বর্তমানে অর্থ না থাকায় ঠিকাদারের বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না। বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পের বিল মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৪ বিবিধ-১ঃ মিলিটারী পুলিশ সপ্তাহ পালন উপলক্ষে বিবিধ খরচ বাবদ ১,৯৮,০২৩/- (এক লক্ষ আটানব্বই হাজার তেইশ) টাকা পরিশোধের বিষয়ে সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তর, পিএস-৩(প্রভোষ্ট), ঢাকা সেনানিবাসের ০১ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.০৩৮.০৫.২২৯.০১.০১.০২.১৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, পিএস পরিদপ্তর, পিএস-৩(প্রভোষ্ট), ঢাকা সেনানিবাসের ০১ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.০৩৮.০৫.০২৯.০১.০১.০২.১৫ নং পত্রের মাধ্যমে মিলিটারী পুলিশ সপ্তাহ পালন উপলক্ষে বিবিধ খরচ বাবদ আর্মি এমপি ইউনিটের ১,৫০,০০০/- টাকা এবং ১৩ এমপি ইউনিটের ৪৮,০২৩/- টাকাসহ মোট (১,৫০,০০০.০০+৪৮,০২৩.০০) = ১,৯৮,০২৩/- টাকার বিল ভাউচার অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে বোর্ডের স্থানীয় আয় হতে ১,৯৮,০২৩/- টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৪ বিবিধ-২ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) খান মোঃ তেহসিন বিন রহমান (রাসী)<br>(খ) মোঃ ফারদীন রহমান (সামী)<br>সর্বপিতা- শহীদ মেজর মোঃ মিজানুর রহমান | ৪২৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ২। | (ক) কর্ণেল আসাদুল্লাহ মোহাম্মদ হোসেন সাদ<br>(খ) লেঃ কর্ণেল সুসানে গীতি | ৯৪২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |
| ৩। | উইং কমান্ডার এ এস এম মিজানুর রহমান ভূঁইয়া (অবঃ) | ১১৭৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন নির্মাণ (আভ্যন্তরীন পরিবর্তন) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪। | (১) মিসেস সাঈদা সুলতানা<br>স্বামী- শহীদ কর্ণেল মোঃ রেজাউল কবীর, এএফডব্লিউসি,পিএসসি<br>(২) ফয়সাল কবীর<br>(৩) রাইসা কবীর<br>(৪) রামিজা কবীর<br>পিতা- শহীদ কর্ণেল মোঃ রেজাউল কবীর, এএফডব্লিউসি,পিএসসি | ১২০৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন নির্মাণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৩ ও ৪ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৪টি প্লটে ০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

৩৪ বিবিধ-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | রজনীগন্ধা টাওয়ার এর বাউন্ডারী ওয়াল, গেইট, র‍্যাম্প প্রটেকশন শেড, পেভ টাইলস্, ইলেক্ট্রিক ওয়ার্কসসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ। | ১,১৯,৬৯,৫৭৯/- | দি মুন এন্টারপ্রাইজ | ১,২৫,২৩,৭৭০/৫০ | দোকান বিক্রির সালামীর অর্থ |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্পগুটির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৩৪ বিবিধ-৪ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/বি নং প্লটের অভ্যন্তর হতে পশ্চিম কোনায় ৮.৫০ কাঠা জমির পাওয়ার অব এটর্নি গ্রহণ, প্লট বিভাজন ও ডাঃ জাহাঙ্গীর কবির এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে উক্ত প্লটের মালিক জনাব হারুন রশীদ এর রেজিস্ট্রিকৃত নিযুক্তীয় আম-মোক্তার ডাঃ সুফিয়া খাতুন এর ০৩ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৪ বিবিধ-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখার জন্য ০১টি কোরআই-৩ ডেস্কটপ কম্পিউটার, ইউপিএস ও একটি লেজার প্রিন্টার ক্রয়ের জন্য ৫১,৫০০/- (একান্ন হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ক্রয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পানি ও বিদ্যুৎ শাখার জন্য ০১টি কোরআই-৩ ডেস্কটপ কম্পিউটার, ইউপিএস ও একটি লেজার প্রিন্টার ক্রয়ের জন্য ৫১,৫০০/- (একান্ন হাজার পাঁচশত) টাকার মূল্যানুমান অনুমোদনসহ পানি ও বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৪ বিবিধ-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম নিবন্ধন শাখায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ ছাপানোর জন্য একটি উন্নতমানের লেজার প্রিন্টার প্রিন্টার ক্রয়ের নিমিত্তে ৩৬,৪০০/- (ছত্রিশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম নিবন্ধন শাখায় জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ ছাপানোর জন্য একটি উন্নতমানের লেজার প্রিন্টার প্রিন্টার ক্রয়ের নিমিত্তে ৩৬,৪০০/- (ছত্রিশ হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদনসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৪ বিবিধ-৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ভাঙ্গা অকেজো এবং পুরাতন ড্রেনসমূহ ভেঙ্গে মাস্টার প্ল্যান অনুযায়ী আরসিসি স্ল্যাবসহ নতুন ড্রেন নির্মাণের ২২,০৪,৭৮৬/- টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ভাঙ্গা অকেজো এবং পুরাতন ড্রেনসমূহ ভেঙ্গে মাস্টার প্ল্যান অনুযায়ী আরসিসি স্ল্যাবসহ নতুন ড্রেন নির্মাণের ২২,০৪,৭৮৬/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

উপরোক্ত আলোচনা শেষে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সমাপনী বক্তব্যের সাথে নিম্নবর্ণিত বিষয়সমূহ উত্থাপন করা হয় এবং এ সকল বিষয়ে জরুরী ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয় ঃ-

(ক) সেনানিবাসের পাবলিক প্লেসের নিরাপত্তা জোড়দার করণ;

(খ) প্রয়াস স্কুল থেকে বুচারী মেস পর্যন্ত সিকিউরিটি লাইট স্থাপন;

(গ) মুসলিম মডার্ণ স্কুল গেইট থেকে রজনীনন্ধা সুপার মার্কেট পর্যন্ত রাস্তার পার্শ্বের ভাসমান দোকান উচ্ছেদ;

(ঘ) রজনীনন্ধা সুপার মার্কেট থেকে মুসলিম মডার্ণ স্কুল গামী রোডে গেইট স্থাপন;

(ঙ) ২৫ ফেব্রুয়ারি, ২০১৫ উপলক্ষে বনানী কবরস্থানের পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ;

(চ) শহীদ মোস্তফা কামাল লাইনের শিশু পার্ক মেরামত;

(ছ) বনানী এমপি চেকপোস্ট হতে স্টাফ রোড এমপি চেক পোস্ট পর্যন্ত রেল লাইন বরাবর সিকিউরিটি লাইট মেরামত ও রক্ষণাবেক্ষণ;

(জ) শহীদ ইউসুফ রোডে মাটি ভরাটসহ নতুন শিশু পার্ক নির্মাণ;

(ঝ) স্বাধীনতা চত্বরের নিকট দোকান ভেঙ্গে রাস্তা করার বিষয়ে মেজর (অবঃ) আব্দুস সাত্তার এর আবেদন ও একই এলাকায় সিটি কর্পোরেশন কর্তৃক ভেঙ্গে দেয়া দু'টি দোকানের জন্য স্থান চূড়ান্তকরণ।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭.০২.২০১৫

*( মোঃ রেজাউল ইসলাম )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

১০/২/২০১৫

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

যায় যে, ইতিপূর্বে প্রচলিত ক্ষতিপূরণ আদায়ের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উক্ত সুপারিশ করা হয়েছে।

## তৃতীয় পর্ব

সুপারিশমালা

৪। পর্ষদ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সুপারিশমালা পেশ করে।

ক। ডিওএইচএস কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন প্লটসমূহের ক্ষেত্রে ক্ষতিপূরন/চার্জ গ্রহণ করা প্রযোজ্য হবে কিনা সে বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ডের সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা যেতে পারে।

খ। সাক্ষ্য প্রমাণ প্রদানে ব্যর্থ হওয়ায় অভিযোগকারী কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত পত্রে উল্লেখিত সিইও কর্তৃক উৎকোচ গ্রহণ ও অসৎ উদ্দেশ্য সাধনের বিষয়টি প্রত্যাহার পূর্বক ক্ষমা প্রার্থনার জন্য পত্র দেওয়া যেতে পারে।

গ। অভিযোগকারী মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) কে যথাযথ আবেদন এবং ভবিষ্যতে বোর্ডের সভার সিদ্ধান্ত মোতাবেক যে কোন ধরণের ক্ষতিপূরণ/চার্জ প্রদানে বাধ্য থাকবেন মর্মে প্রত্যয়ন পত্র প্রদান পূর্বক তার বাড়ির অনুমোদিত নকশাটি প্রদান করা যেতে পারে।

ঘ। ক্যান্টনমেন্ট বোর্ডের সিইওকে রাজস্ব আদায় সংক্রান্ত বিষয়ে নীতিমালা যথাযথভাবে অনুসরণ, প্রয়োজনবোধে বোর্ডের সিদ্ধান্ত গ্রহণ, অধঃস্তনদের নোটশীটে যথাযথভাবে তথ্য সন্নিবেশ নিশ্চিৎকরণ ও অফিসিয়াল নথিপত্রের যথাযথ গোপনীয়তা রক্ষা ইত্যাদি বিষয়ে আরও যত্নবান হওয়ার জন্য উপদেশ প্রদান করা যেতে পারে।

ঙ। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সিদ্ধান্ত মোতাবেক মেজর জেনারেল (অবঃ) আমসা আমিন এর কাছ থেকে ক্ষতিপূরণ আদায়ের বিষয়ে জোর কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

মেজর মোঃ নাজমুল হক, এসএসও ০৪, স্টেশন সদর দপ্তর, সদস্য

ঢাকা সেনানিবাস

মেজর মোঃ মোর্শেদুর রহমান ইসহাক সদস্য

স্টেশন হেলথ অফিসার, ঢাকা সেনানিবাস

12/03/18

ক্যাপ্টেন মীর এরশাদ আলী,(জি),পিএসসি,বিএন সভাপতি

অধিনায়ক, বানৌজা হাজী মহসিন



New computer Lt Shrif

৫২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫। | মিসেস সাইদা আক্তার স্বামী- প্রাক্তন সেনা প্রধান মেজর জেনাঃ এ কে এম শফিউল্লাহ, বীর উত্তম, পিএসসি | প্লট নং-০১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ৬৬,৫৮৯ | ২৬,৬৩,৫৬০/- | ২৬,৬৩,৫৬০/ | [illegible] |
| ৬। | শেখ আব্দুল হাই বাচ্চু গং | প্লট নং৬ ও ৬/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ১৯,১০০ | ৭,৬৪,০০০/- | ৭,৬৪,০০০/ | ১৭/৪২ ২৮/১২/১৪ |

উক্ত তালিকা থেকে প্রতীয়মান হয় যে, ৫২তম সভার পরেও সকল ক্ষেত্রেই (নিজ অথবা ডেভেলপার উভয় ক্ষেত্রেই) পুরাতন বাড়ী ভেঙ্গে নতুন বাড়ী বানানোর ক্ষেত্রে টাকা ৪০/০০ (টাকা চল্লিশ মাত্র) হারে রাস্তার ক্ষতিপূরণ বাবদ চার্জ আদায় করা হয়েছে।

চ। মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) তার জবানবন্দীতে উল্লেখিত জনাব জিয়াউল ইসলাম চৌধুরী বাসা নং ৪৯/ সি রোড নং-১০ এর বাড়ি নির্মাণে কোন টাকা নেয়া হয়নি বলে উল্লেখ করেন। প্রকৃত পক্ষে উক্ত বাড়িটি জনাব জিয়াউল ইসলাম চৌধুরীর ভাই জনাব [illegible] ইসলাম চৌধুরীর এবং তিনি উক্ত বাড়ি নির্মাণের জন্য টাকা ৪,২৫ ,৪২২/০০ (টাকা চার লক্ষ পঁচিশ হাজার চারশত বাইশ মাত্র) ক্ষতিপুরণ প্রদান করেন ( সংযুক্তি চ )। অপর দিকে রোড নং [illegible] এর ৪০নং বাড়ি নির্মাণের ক্ষেত্রে মেজর জেনারেল (অবঃ) আমসা আমিনের কাছে টাকা ৬,২১,৬৭৩/০০ (টাকা ছয় লক্ষ একুশ হাজার ছয়শত তিয়াত্তর মাত্র) ক্ষতিপুরন চেয়ে পত্র দেয়া হয় (সংযুক্তি ছ) কিন্তু উক্ত টাকা পরিশোধ না করে তিনি ক্যান্টনমেন্ট বোর্ড থেকে নকশা উত্তোলন করে বাড়ির কাজ সম্পন্ন করেন। তবে কোন অবস্থার প্রেক্ষিতে অর্থ আদায় না করে নকশা দেওয়া হয়েছে সে বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। উভয় ক্ষেত্রেই যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থ দাবী করা হয়েছে সেহেতু অভিযোগকারীর বক্তব্য সঠিক নয় বলে প্রতীয়মান।

ছ। মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) তার অভিযোগনামায় ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট কর্তৃক উৎকোচ গ্রহণের বিষয়টির কোন সাক্ষ্য প্রমাণ তদন্ত পর্ষদের নিকট উপস্থাপন করতে পারেননি। পর্ষদের সামনে তিনি দুইমাস ফাইলটি বিলম্বিত হওয়াকে উৎকোচের আশায় রাখা হয়েছে বলে জানিয়েছেন। এ ছাড়া তিনি ডিওএইচএস কমিটির সিদ্ধান্তের ব্যত্যয় ঘটিয়ে রাস্তার ক্ষতিপূরণ বাবদ অর্থের চাহিদা অসৎ উদ্দেশ্যে করা হয়েছে বলে ধারণা করেছেন। এছেন [illegible] অভিযোগের বিষয়টি অগ্র পশ্চাৎ বিবেচনা না করে তিনি আবেগতাড়িত হয়ে লিখেছেন বলে পর্ষদের নিকট প্রতীয়মান।

জ। ক্যান্টনমেন্ট বোর্ড সিইও-র বক্তব্য অনুযায়ী জানা যায় অনুমোদিত নকশাতে রাস্তার বিষয়ক দাপ্তরিক বিভিন্ন কাজ সম্পন্ন করতে ০২(দুই) মাস বিলম্ব হওয়া স্বাভাবিক নিয়ম। তাতে কোন অসৎ উদ্দেশ্য ছিল না। অন্যান্য ফাইল প্রসেসিং করতে আনুমানিক একই সময় প্রয়োজন হয় বিধায় কমিটির কাছে উক্ত বক্তব্য গ্রহণ যোগ্য বলে প্রতীয়মান হয়।

ঝ। মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) এর নকশা সংক্রান্ত নথির নোটশীট (সংযুক্তি ঝ) পর্যালোচনায় দেখা যায় যে সিইও কর্তৃক রাস্তার ক্ষতিপূরণ আদায়ের বিষয়ে মন্তব্য করা হলে উপ সহকারী প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী কর্তৃক কোন ক্ষতিপূরণ নেয়া হবে না বলে জানানো হয়। পরবর্তীতে নোটশীট ৪ এর অনুচ্ছেদ ১৫ অনুযায়ী উক্ত কর্মকর্তাদ্বয় কর্তৃক ক্ষতিপূরণ আদায় বাবদ মোট টাকা ১০,৮৪,৪৮০/০০ (টাকা দশ লক্ষ চুরাশি হাজার চারশত আশি মাত্র) আদায় করার সুপারিশ করা হয়, যা সিইও কর্তৃক অনুমোদিত হয়। একই নোটশীটে দুইদফায় দুই ধরনের সুপারিশ করার বিষয়ে গ্রহণ যোগ্য কোন যুক্তি উপস্থাপন করা হয়নি। তবে [illegible]



New computer Lt Shrif

ঘ) । তিনি গত ২৭ অক্টোবর ২০১৪ তারিখে আবারও স্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর ঢাকা সেনানিবাস বরাবর বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ প্রত্যাহারের আবেদন করেন। উক্ত পত্রে তিনি ক্যান্টনমেন্ট বোর্ড সিইও কর্তৃক অসৎ উদ্দেশ্যে উৎকোচ গ্রহনের জন্য ফাইলটি দুই মাস আটকে রাখেন বলে উল্লেখ করেন।

ঘ। ডিওএইচএস কমিটির ৫২তম সভার কার্যবিবরনী (সংলগ্নী-গ) পর্যালোচনা করে দেখা যায় যে, আলোচ্য সূচী-০৪ এর সিদ্ধান্ত 'ক ' মোতাবেক প্লট মালিক নিজে বাড়ি নির্মাণ করলে রাস্তার ক্ষতিপুরনের টাকা নেয়া হবে না। তবে ডেভেলপার কর্তৃক বাড়ি নির্মাণ হলে পুরাতন বাড়ি ভেঙ্গে পুন:নির্মাণের ক্ষেত্রে প্রতি বর্গফুটের জন্য টাকা ৪০/০০ (টাকা চল্লিশ মাত্র) হারে ক্ষতিপুরণ প্রদেয়। উক্ত সিদ্ধান্ত ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন আবাসিক এলাকার ক্ষেত্রে প্রযোজ্য হবে কি না তা কোথাও উল্লেখ নেই। আরো উল্লেখ্য যে, ডিওএইচএস কমিটির সভার কোন সিদ্ধান্ত ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য প্রযোজ্য হবে কিনা সে বিষয়ে আইনগত ও আনুসাঙ্গিক বিষয়াদি পর্যালোচনা সাপেক্ষে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি বলে জানা যায়।

ঙ। ক্যান্টনমেন্ট বোর্ডের সিইও প্লট মালিকদের কাছ থেকে ক্ষতিপুরণ আদায়ের বিষয়ে ডিওএইচএস কমিটির ৪৫তম এবং ৫২তম সভার সিদ্ধান্ত ব্যাতীত অন্য কোন নীতিমালা নেই বলে পর্ষদকে অবগত করেছেন। তবে সুনির্দিষ্ট নীতিমালা না থাকলেও ক্যান্টনমেন্ট বোর্ড ডিওএইচএস কমিটির ৫২তম সভায় সিদ্ধান্তের পরেও উক্ত এলাকার বিভিন্ন প্লট মালিকদের কাছ থেকে রাস্তার ক্ষতিপুরন আদায়ের একটি তালিকা দাখিল করেছেন (সংযুক্তি চ)। উক্ত তালিকায় ডিওএইচএস এর ৫২তম সভার সিদ্ধান্তের পরেও ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বাড়ি নির্মাণের ক্ষেত্রে রাস্তার ক্ষতিপূরণ আদায় করতে দেখা যায় যা নিম্নরূপঃ

| ক্র নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর ও এলাকার নাম | বাড়ির সাইজ (বর্গফুট) | ধার্যকৃত টাকার পরিমাণ | জমাকৃত টাকার পরিমাণ | রশিদ নম্বর ও তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১। | জনাব নাজমুল ইসলাম চৌধুরী | বাড়ি নং- ৪৯/সি,রোড- ১০ ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২১,৬১১ | ৪,২৫,৪২২/ | ৪,২৫,৪২২/ | ০৪/০৬ ০৭/০১/ ১৩ |
| ২। | (ক) জনাব এহসান উদ্দিন আহমেদ<br>(খ) বেগম সাবেরা আহমেদ | বাড়ি নং ১৬/জি, রোড ২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২৮,৮৬৩ | ১১,৪২,৫৩২ / | ১১,৪২,৫৩ ২/ | ৩৩/০৮ ২৩/০৬/ ১৩ |
| ৩। | জনাব মোঃ জুনায়েদ কাদের গং | প্লট নং-৩৬ ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২৮,৮১০ | ১১,৫২,৪০০ /- | ১১,৫২,৪০ ০/ | ০৪/০৮ ০১/১২/১ ৩ |
| ৪। | খাজা তাহমহল গং | প্লট নং-৫৪/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২৯,১৪৯ | ১১,৬৫,৯৬০ / | ১১,৬৫,৯৬ ০/ | ১৭/২৬ ০৮/০৮/১ ৪ |



New computer Lt Shrif

ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ০৮ নং রোডস্থ প্লট নং-৫০ এর মালিক মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) কর্তৃক উত্থাপিত অভিযোগের সাক্ষ্য প্রমাণ গ্রহণ করার জন্য গঠিত পর্ষদ প্রতিবেদন

প্রথম পর্ব

ঘটনার সংক্ষিপ্ত বিবরণ

১। মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) ক্যান্টনমেন্ট বাজার আবাসিক এলাকার ০৮ নং রোডস্থ প্লট নং-৫০ এর মালিক। উক্ত প্লটের পুরাতন ০৪ তলা ভবন ভেঙ্গে ০৭ তলা ভবন নির্মাণের নকশা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। উক্ত ০৭ তলা বাড়ির ২৭,১১২.০০ বর্গফুট ইমারতের [illegible] প্রতি বর্গফুট টাকা ৪০/০০ (টাকা চল্লিশ মাত্র) হিসেবে রাস্তার ক্ষতিপূরণ বাবদ [illegible] ১০,৮৪,৪৮০/০০(টাকা দশ লক্ষ চুরাশি হাজার চারশত আশি মাত্র ) ক্যান্টনমেন্ট বোর্ডের [illegible] জমা দেয়ার জন্য পত্র প্রেরণ করা হয় (পত্র নং ঢাক্যাবো/ প্লট নং ৫০/ ক্যাঃ আঃ এঃ /১৩৩ [illegible] সেপ্টেম্বর ২০১৪)। সামরিক অফিসার আবাসিক প্রকল্প (ডিওএইচএস) কমিটির [illegible] আলোচ্য সূচী-৪ এর সিদ্ধান্ত (সংযুক্তি গ) মোতাবেক উক্ত দাবী অযৌক্তিক উল্লেখ [illegible] মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) ২৭ অক্টোবর ২০১৪ তারিখে স্টেশন কমান্ডার, স্টেশন [illegible] ঢাকা সেনানিবাস বরাবর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ প্রত্যাহারের আবেদন [illegible] পাশাপাশি ক্যান্টনমেন্ট বোর্ডের সিইও জনাব রেজাউল ইসলাম অন্যায়ভাবে নীতিমালা উপেক্ষা [illegible] অসৎ উদ্দেশ্যে এবং কোন উৎকোচ না পাওয়ায় অনুমোদিত ফাইলটি ০২ (দুই) মাস আটিকে [illegible] (সিইও রেজাউল ইসলাম) বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের আবেদন করেন (সংযুক্তি [illegible]) ঘটনার সাক্ষ্য প্রমাণ গ্রহণ করার জন্য ০৩ ডিসেম্বর ২০১৪ তারিখের ক্যান্টনমেন্ট বোর্ড সভার আলোচ্য সূচী-২৮ এর সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিতভাবে একটি পর্ষদ গঠন করা হয় (সংযুক্তি ক ) ঃ

ক। ক্যাপ্টেন মীর এরশাদ আলী, (জি), পিএসসি বিএন, (পি নং ৬৮৩) সভাপতি

খ। মেজর মোঃ মোর্শেদুর রহমান ইসহাক সদস্য

গ। মেজর মোঃ নাজমুল হক সদস্য

২। পর্ষদের কার্য পরিধিতে মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) এর বক্তব্য ও দাখিলকৃত [illegible] এবং ইতিপূর্বে এ ধরনের বাড়ি নির্মাণের ক্ষেত্রে কি হারে চার্জ আদায় করা হয়েছে সে সম্পর্কিত [illegible] দাখিল করতে বলা হয়।

দ্বিতীয় পর্ব

উদঘাটিত তথ্যাবলী

৩। পর্ষদ মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) এর জবানবন্দী(সংযুক্তি ঘ) [illegible] রেজাউল ইসলামের প্রশ্নোত্তর, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বক্তব্য ও নথিপত্রাদি পর্যালোচনা [illegible] তথ্যাবলী উদঘাটন করেঃ

ক। মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) ক্যান্টনমেন্ট আবসিক এলাকার রোড নং [illegible] প্লট নং- ৫০ এর মালিক । তিনি ক্যান্টেনমেন্ট বোর্ডের অনুমতি সাপেক্ষে ০৪ তলা [illegible] ০৭ তলা বাড়ি পুন:নির্মাণের জন্য নিজে করবেন এই মর্মে গত ০৮ এপ্রিল ২০১৪ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে ইমারতের নকশা অনুমোদনের জন্য দাখিল করেন। উক্ত নকশা বোর্ডের [illegible] জুন ২০১৪ তারিখের সভার আলোচ্য সুচী- ১৬ (১৭) এর মাধ্যমে অনুমোদিত হয়।

খ। অনুমোদনের পর ক্যান্টনমেন্ট বোর্ড ০৭ তলা বাড়ির ২৭,১১২ বর্গফুট ইমারতের [illegible] বর্গফুট টাকা ৪০/০০ (টাকা চল্লিশ মাত্র ) হিসেবে রাস্তার ক্ষতিপূরণ বাবদ [illegible] ১০,৮৪,৪৮০/০০(টাকা দশ লক্ষ চুরাশি হাজার চারশত আশি মাত্র ) ক্যান্টনমেন্ট বোর্ড এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট এর অনুকুলে জমা করার জন্য [illegible] ২০১৪ তারিখে পত্র প্রেরণ করা হয় (সংলগ্নী ঙ)।

গ। মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) ২৮সেপ্টেম্বর ২০১৪ তারিখে ক্ষতিপূরণের [illegible] টাকা প্রত্যাহার ও সিইও র বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য [illegible]





New computer Lt Shrif

পরিশিষ্ট-খ

৭৫

সীমিত

পর্ষদ সভাপতির কার্যালয়
বানৌজা হাজী মহসীন
ঢাকা সেনানিবাস
ঢাকা - ১২০৬

পিএক্স-৬৮৩/২০১৫/ ০১ 12 জানুয়ারি ২০১৫

মহাত্মন

**পর্ষদ প্রতিবেদন দাখিল প্রসংগে**

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক ক্যান্টনমেন্ট বোর্ড ঢাকা পত্র নং - ঢাক্যাবো/প্লট নং-৫০/ [illegible] তারিখ ২২ ডিসেম্বর ২০১৪ মোতাবেক ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ০৮ নং রোডস্থ প্লট নং [illegible] মালিক মেজর মোঃ জসীম উদদীন(অবঃ) কর্তৃক উত্থাপিত অভিযোগের সাক্ষ্য প্রমাণ গ্রহণ [illegible] গঠিত পর্ষদ প্রতিবেদন পরবর্তী কার্যক্রমের জন্য এতদসংগে দাখিল করা হলো।

আপনার বিশ্বস্ত

মীর এরশাদ আলী
ক্যাপ্টেন বিএন
পর্ষদ সভাপতি

সংলগ্নীঃ

১। পর্ষদ প্রতিবেদন - ০২(দুই) সেট।

প্রাপকঃ

ব্রিগেডিয়ার জেনারেল নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি
সভাপতি
ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট

অবগতিঃ

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট

সীমিত

F:\OFFICE WORK\BCB\Covering lr [illegible]